

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
রমনা, ঢাকা।

[www.publiclibrary.gov.bd](http://www.publiclibrary.gov.bd)

স্মারক: ৪৩.২৬.০০০০.০০১.২৩.৮৩৬.২২- ১৭৪

তারিখ: ০৭.০২.২০২৩ খ্রিষ্টাব্দ

**শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার নোটিশ**

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আগ্রহী সকলকে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে আহ্বান করা যাচ্ছে।

**ক) রচনা প্রতিযোগিতা :**

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	তারিখ ও সময়
১.	ক	পঞ্চম-অষ্টম	একুশ আমার অহংকার	১০০০	১৯/০২/২০২৩ খ্রি. বিকাল ০৪.০০ টা পর্যন্ত
২.	খ	নবম-দ্বাদশ	প্রভাতফেরী ও শহীদ মিনার	১২০০	
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	বাংলা সাহিত্যে একুশে ফেব্রুয়ারি	১৫০০	
৪.	ঘ	সর্বসাধারণ	জাতীয় জীবনে একুশের প্রভাব	১৮০০	

**খ) চিত্রাংকন প্রতিযোগিতা :**

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়	তারিখ ও সময়
১.	ক	শিশু শ্রেণি-দ্বিতীয় শ্রেণি	উন্মুক্ত	১৯/০২/২০২৩ খ্রি.
২.	খ	তৃতীয় শ্রেণি-সপ্তম শ্রেণি		বেলা ০২.৩০ খ্রি.

**রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাভব্য:** রচনা প্রতিযোগিতায় ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১২ তলা, আইইবি ভবন, রমনা, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে।

**চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাভব্য :** ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগিতা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১২ তলা, আইইবি ভবন, রমনা, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) প্রতিযোগিতা সংশ্লিষ্ট সরকারি গণগ্রন্থাগারে অনুষ্ঠিত হবে।

**শর্তাবলি :**

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না;
২. ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড/স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে;
৩. রচনাপত্রে অবশ্যই প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে;
৪. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যিক;
৫. চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগীদেরকে কাগজ ব্যতীত অন্য কোনো উপকরণ সরবরাহ করা হবে না।

স.ক।  
১৯/০২/২০২৩  
(মোহা: মরিয়ম বেগম)  
পরিচালক  
ফোন: ০২-২২২২২৯৪৮২